কুষ্টিয়ায় মেধা’র ব্যবস্থাপনায় হুইলচেয়ার ও বাইসাইকেল বিতরণ

কুষ্টিয়ায় মেধা’র ব্যবস্থাপনায় দু:স্থ্য ও অসহায় শারীরিক প্রতিবন্ধীদের মাঝে হুইলচেয়ার বিতরণ করা হয়েছে। একই সাথে মেধা’র নির্বাহি পরিষদের সভাপতি ইঞ্জিনিয়ার খন্দকার সালাহউদ্দিনের সহায়তায় এক দরিদ্র শিক্ষার্থীকে বাইসাইকেল প্রদান করা হয়।

শনিবার দুপুরে মেধা’র কার্যালয়ে ডা: মেহনাজ নাসরীনের অর্থায়নে ও মেধা’র ব্যবস্থাপনায় পাঁচ জন শারীরিক প্রতিবন্ধীদের মাঝে হুইলচেয়ার বিতরণ করা হয়।

মেধা’র নির্বাহি পরিষদের সভাপতি ইঞ্জিনিয়ার খন্দকার সালাহউদ্দিনের সভাপতিত্বে ও সদস্য সচিব শামীম আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া শহর সমাজসেবা অফিসার জহিরুল ইসলাম।

এসময় মেধা’র উপদেষ্টা পরিষদের সদস্য ড. মুহা. আব্দুল লতিফ. রেজানুর রহমান খান চৌধুরী মুকুল, মেধা’র সহসভাপতি শাহনেওয়াজ আনসারী মনজু, নির্বাহী সদস্য আব্দুল মান্নান বিদ্যুত, মনজুর রহমান মনু, এহসান আনোয়ার বুলবুল উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, কুষ্টিয়ার মেধা একটি বাস্তবমুখি সামাজিক সংগঠন। এ সংগঠনের মাধ্যমে যে সব কর্মকান্ড পরিচালিত হয়ে আসছে তা জেলার শিক্ষা বিস্তারে ব্যাপক ভুমিকা রেখে যাচ্ছে। মেধার মাধ্যমে এ অঞ্চলের বিপুল সংখ্যক মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে উপকৃত হয়ে আসছে। পাশাপাশি সামাজিকভাবেও বেশ কিছু কর্মকান্ড পরিচালনা করে আসছে। যার পরিপ্রেক্ষিতে আজ পাঁচ জন শারীরিক প্রতিবন্ধীদের মাঝে হুইলচেয়ার বিতরণ করা হয়েছে।